# এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ইসলাম ও নৈতিক শিক্ষা**

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

**সৃজনশীল প্রশ্ন**

মান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** ক ব্যক্তি ও খ ব্যক্তি দু'বন্ধু। ক ব্যক্তি নিয়মিত সালাত আদায় করে এবং রমজানের সাওম পালন করে। পক্ষান্তরে, খ ব্যক্তি সালাত আদায় করে না এবং সাওম পালন করে না। এমনকি খ ব্যক্তির মাঝে মানবিক মূল্যবোধের অনুপস্থিতি লক্ষ করা যায়। খ ব্যক্তি মনে করেন যে, পরকাল বলতে কিছুই নেই। ক ব্যক্তি খ ব্যক্তিকে শুধরে দেয় এবং বলে, মানবিক মূল্যবোধ বিকাশে ইমানের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ক. ইমান কী? ১

খ. মানবিক মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. ইমান আনয়ন খ ব্যক্তিকে কীভাবে মর্যাদার আসনে— আসীন করবে? ৩

ঘ. ক ব্যক্তির উক্তিটির যথার্থতা তোমার পাঠ্যপুস্তকের আলোকে প্রমাণ কর। ৪

**২.▶** সারমিন বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। একদিন বিশ্ববিদ্যালয়ে যাবার সময় সারমিনের অশালীন পোশাক দেখে তার বড় ভাই বললেন, বোন পর্দা ফরজ, এ ক্ষেত্রে ব্যক্তিগত মতামতের কোনো অবকাশ নেই। ক ব্যক্তি বলল, আল্লাহর নির্দেশ জানলে আমার কোনো দ্বিমত নেই।

ক. শালীনতা অর্থ কী? ১

খ. শালীনতা কাদের জন্য প্রয়োজন? বুঝিয়ে লিখ। ২

গ. ক ব্যক্তির সর্বশেষ অভিমত থেকে আমরা কী শিক্ষা গ্রহণ করতে পারি? ব্যাখ্যা কর। ৩

ঘ. ক ব্যক্তির পোশাকে বড় ভাইয়ের আপত্তি ছিল কেন? বিশ্লেষণ কর। ৪

**৩.▶** যায়েদ নিয়মিত ফরয ইবাদতের পাশাপাশি নৈতিকতার অনুশীলন করেন। তিনি মনে করেন ইসলাম নীতিনৈতিকতার ধর্ম, নবি-রাসূলগণ ছিলেন উত্তম চরিত্রের অধিকারী, তাদের জীবনী ও শিক্ষা আমাদের জন্য আদর্শ। নবি-রাসূলগণের জীবনী ও আদর্শ অনুসরণের মাধ্যমে ইহকালীন ও পরকালীন কল্যাণ লাভ করতে পারি।

ক. নবুয়ত ও রিসালাত কী? ১

খ. রাসুলুল্লাহ (স) ছিলেন মানবতার মহান শিক্ষক—বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের যায়েদের জীবনে নবুয়ত ও রিসালাত কীভাবে ভূমিকা রাখছে? ব্যাখ্যা কর। ৩

http://teachingbd.com

ঘ. যায়েদের ন্যায় নৈতিক মূল্যবোধ বিকাশে রিসালাত ও নবুয়তের গুরুত্ব কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৪.▶** জনৈক ব্যক্তি একজন ধনীলোক। তিনি নিয়মিত যাকাত আদায় করেন না। তার ধারণা যাকাত আদায় করলে সম্পদ কমে যাবে। এ কথা শুনে মসজিদের এক ইমাম সাহেব বললেন, যাকাত প্রদানে সম্পদ কমে যায় না, বরং সম্পদ বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এ ছাড়া যাকাত ধনী ও গরিবের মাঝে সম্প্রীতির বন্ধনকে সুদৃঢ় করে।

ক. যাকাত শব্দের অর্থ কী? ১

খ. নিয়মিত যাকাত আদায় বলতে কী বোঝায়? ২

গ. জনৈক ব্যক্তির মনোভাব ইসলামি শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে প্রদত্ত ইমাম সাহেবের উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

**৫.▶** তিন সদস্যবিশিষ্ট একটি ছোট্ট পরিবারের যায়েদ ২য় সন্তান। পরিবারের সকলে ইসলামি আদর্শে জীবনযাপন করেন; কিন্তু যায়েদ মিথ্যা ও প্রতারণাসহ অন্যান্য মন্দ কাজে লিপ্ত থাকার কারণে সে এখন ধ্বংসের দ্বারপ্রান্তে। তার বাবা রাসূল (স) এর হাদিসটি বলেন, "সত্যবাদিতা মুক্তি দেয়, আর মিথ্যা ডেকে আনে ধ্বংস।"

ক. মিথ্যার আরবি প্রতি শব্দ কী? ১

খ. সত্যবাদী ও মিথ্যাবাদীর পরিচয় ব্যাখ্যা কর। ২

গ. যায়েদ কী করলে ধ্বংসের হাত থেকে বাঁচতে পারবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত হাদিসটির বিশ্লেষণ করে সমাজ জীবনে বাস্তবায়নের জন্য তোমার মতামত দাও। ৪

**৬.▶** একজন মহান ব্যক্তি নবি মুহাম্মদ (স) এর উপর ইমান আনার পর অসাধারণ হয়ে গেলেন। রাসুল (স) কর্তৃক তিনি সিদ্দিক উপাধি পেয়েছেন। তাঁর সম্পর্কে মহানবি (স) বলেছেন, আমি সকলের উপকারের প্রতিদান দিয়ে যেতে পারলাম - কিন্তু তাঁর প্রতিদান আমি দিয়ে যেতে পারলাম না। পরবর্তীতে তিনি আমাদের খলিফা হিসেবে পদপ্রদর্শন করেছেন।

ক. খুলাফায়ে রাশেদিন বলতে কাদেরকে বোঝায়? ১

খ. উদ্দীপকে যিনি সিদ্দিক উপাধি পেয়েছেন, তাঁর নাম ও পরিচয় ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মহান ব্যক্তির জীবন থেকে একজন রাষ্ট্রনায়ক কী শিক্ষা গ্রহণ করতে পারেন? ব্যাখ্যা কর। ৩

teachingbd.com

ঘ. উদ্দীপকের এ মহান ব্যক্তিকে ইসলামের ত্রাণকর্তা বলা হয়। বিষয়টি কতটুকু যুক্তিসংগত মনে কর, তোমার মতামত বর্ণনা কর। ৪

**৭.▶** এ মহান ব্যক্তি ৬৩০ খ্রিব্দে মক্কায় গিয়ে লক্ষাধিক সাহাবী ও সহধর্মিণীদেরকেও সাথে নিয়ে গিয়ে যে মহান কাজটি করলেন তা মানব ইতিহাসে বিরল। এরপর ৬৩২ খ্রিস্টাব্দে লক্ষাধিক সাহাবির সামনে আরাফাত ময়দানে জাতির উদ্দেশ্যে যে ভাষণ দেন তা জাতি ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের জন্য কিয়ামত পর্যন্ত অনুসরণীয় ও অনুকরণীয় হয়ে থাকবে।

ক. হজের পোশাককে কী বলে? ১

খ. হুদায়বিয়ার সন্ধি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ৬৩০ খ্রিস্টাব্দের মহান কাজ দ্বারা কিসের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে যে ভাষণের কথা বলা হয়েছে, সে ভাষণের গুরুত্বপূর্ণ দিকগুলো বিশ্লেষণ কর। ৪

**৮.▶** মাসুম মুদি দোকানদার। সে মালে ভেজাল দিয়ে বিক্রি করে, জেনে কম দেয়, পণ্যদ্রব্রের দোষ-ত্রুটি গোপন করে রাখে। ভালো মালের সাথে মন্দ মাল মিশিয়ে বিক্রি করে। বিক্রির সময় মিথ্যা বলে, ধোঁকাবাজির মাধ্যমে গ্রহাকদের ক্ষতিগ্রস্ত করে নিজে লাভবান হয়। একদিন সে মসজিদের ইমাম সাহেবের কাছে শোনে, তার এ কাজের জন্য পরকালীন জীবনে কঠিন শাস্তিভোগ করতে হবে।

ক. নিফাক কী? ১

খ. মুনাপিক কাকে বলে? ২

গ. ইসলামের দৃষ্টিতে মাসুম কী ধরনের লোক? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইসলামের দৃষ্টিতে মাসুমের কাজের পরিণাম- বিশ্লেষণ কর। ৪

**৯.▶** যুগে যুগে এ বিশ্ব চরাচরে হাতেগোনা কয়েকজন ক্ষণজন্মা মহাপুরুষ আবির্ভূত হয়ে আমাদেরকে করেছেন ধন্য, তাদের মধ্যে মুহাদ্দিস, মুফাসসির, শিক্ষাবিদ, দার্শনিক, গণিতবিদ, বিজ্ঞানী প্রধান।

ক. মুসলিম বিখ্যাত দার্শনিক জনক কে? ১

খ. ইমাম বুখারী (রা.) হাদিস শাস্ত্রে বিশেষ অবদানকারী— ব্যাখ্যা কর। ২

গ. ফিকাহ শাস্ত্রে ইমাম আবু হানিফা (র.) এর অবদান মূল্যায়ন কর। ৩

ঘ. দার্শনিক হিসেবে ইমাম গাযযালী (র.) এর অবদান বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময় — ৪০ মিনিট　　　　মান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. আকাইদ শব্দের অর্থ কী?
ক) প্রতিজ্ঞা　খ) বিশ্বাস
গ) বিশ্বাসমালা　ঘ) আনুগত্য

২. আকাইদের প্রয়োগিক দিক কোনটি?
ক) আসমানি কিতাব　খ) নামায
গ) পরকাল　ঘ) জান্নাত-জাহান্নাম

৩. শরীয়তের সর্বশেষ পূর্ণাঙ্গরূপ কোনটি?
ক) তাকওয়া　খ) ইহসান
গ) ইসলাম　ঘ) ইজতিহাদ

৪. কোন কিছুই তাঁর সদৃশ নয়- আয়াতটি কোন সুরার অন্তর্গত?
ক) আন-নিসা　খ) সুরা আম্বিয়া
গ) সূরা মায়িদা　ঘ) সূরা শূরা

৫. হতাশা কিসের পরিণতি?
ক) শিরকের　খ) নিফাসের
গ) কুফরের　ঘ) মিথ্যার

৬. কাদের মৃত্যু হয় আল্লাহ তায়ালার রহমতের সাথে?
ক) মুমিনদের　খ) আলেমদের
গ) মুসলিমদের　ঘ) পুণ্যবানদের

৭. নিচের কোনটি খতম শব্দের অর্থ নয়?
ক) শেষ　খ) পরিপূর্ণ
গ) সমাপ্তি　ঘ) সিলমোহর

৮. মানব জীবন কয়ভাগে বিভক্ত?
ক) ২ ভাগে　খ) ৪ ভাগে
গ) ৫ ভাগে　ঘ) ৬ ভাগে

**নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**

আবরার সাহেব প্রতিবছর পূণ্যের আশায় মিরপুর মাজারে যান- সেখানে তিনি পীরের নামে পশু জবাই করেন এবং সেই মাংস সবাই খান।

৯. আবরার সাহেবের কাজটি কী হিসেবে গণ্য?
ক) শিরক　খ) কুফর
গ) নিফাক　ঘ) ফিসক

১০. আবরার সাহেব—
i. জাহান্নামী হবেন
ii. ঘৃণিত হবেন
iii. আল্লাহর সন্তুষ্টি লাভ করবেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১১. আখিরাতে বিশ্বাসের ফলে মানুষ—
i. দায়িত্বশীল হয়
ii. সৎকর্ম সম্পাদনে এগিয়ে আসে
iii. আত্মনির্ভরশীল হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) ii ও iii
গ) i ও iii　ঘ) i, ii ও iii

১২. ইয়ামামার যুদ্ধ কার বিরুদ্ধে পরিচালিত হয়েছিল?
ক) তোলায়হা　খ) গোলাম আহাম্মদ
গ) মুসায়লিমা　ঘ) সাজাহ

১৩. দান করার মাধ্যমে কিসের বহিঃপ্রকাশ ঘটে?
ক) ইসলামের　খ) ইমানের
গ) আমানতের　ঘ) সম্পদের

১৪. আল কুরআন লিপিবদ্ধকারী সাহাবীদেরকে কি বলা হতো?
ক) কাতিবুল কুরআন　খ) কাতিবুস সুন্নত
গ) কাতিবে ওহী　ঘ) কাতিবুল হাদীস

১৫. হাদীসে কুদসী হলো—
i. আল্লাহর কথা ও ভাব
ii. রাসুলের ভাষা ও শব্দ
iii. ইলহাম যুগে প্রাপ্ত
নিচের কোনটি সঠিক?
ক) i　খ) ii ও iii
গ) i ও ii　ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**

মহানবী (স) বলেছেন, মুসলমানগণ যা ভালো বলে গ্রহণ করে তা আল্লাহর কাছেও ভালো।

১৬. আলোচ্য হাদীসটি কোন হাদীস গ্রন্থে বর্ণিত?
ক) বুখারী　খ) আবু দাউদ
গ) তাবরানী　ঘ) ইবনে মাজাহ

১৭. উল্লেখিত হাদীসটি কিসের গুরুত্ব প্রমাণ করে—
i. কুরআন ও হাদীসের
ii. ইজমা ও কিয়াসের
iii. ইজমার
নিচের কোনটি সঠিক?
ক) i　খ) i ও ii
গ) iii　ঘ) ii

১৮. মাদানী সুরার বৈশিষ্ট্য হলো—
i. রিসালাত
ii. শরীয়তের বিধি-বিধান রয়েছে
iii. ইবাদতের রীতি নীতি রয়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i　খ) ii
গ) i ও ii　ঘ) ii ও iii

১৯. আল বুরহান শব্দের অর্থ কী?
ক) প্রমাণ　খ) জ্যোতি
গ) সুস্পষ্ট প্রমাণ　ঘ) উপদেশ

২০. কোনটি কিয়াসের অর্থ নয়—
ক) অনুসরণকরা　খ) অনুমান করা
গ) তুলনা করা　ঘ) পরিমাপ করা

২১. কিসের বিধি-বিধান অবিভাজ্য?
ক) ইমানের　খ) শরীয়তের
গ) ইসলামের　ঘ) ইজমার

http://teachingbd.com

২২. সাওম কোন ধরনের ইবাদত?
ক) হাক্কুল্লাহ খ) হাক্কুল ইবাদ
গ) হাক্কুল মুসলিম ঘ) হাক্কুল ওয়াতান

২৩. কিয়ামতের দিন কোন ইবাদত বান্দার জন্য নূর হবে?
ক) সাওম খ) যাকাত
গ) হজ্জ ঘ) সালাত

২৪. আল্লাহ তায়ালার নৈকট্য লাভের আত্মিক উপায় কোনটি?
ক) নামায খ) তাসাউফ
গ) রোযা ঘ) হজ্জ

২৫. সাওম এর মৌলিক উদ্দেশ্য হলো?
i. আল্লাহর সাক্ষাৎ লাভ
ii. তাকওয়া অর্জন
iii. আল্লাহর শ্রেষ্ঠত্বের ঘোষণা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
বর্তমান বিশ্বের কিছু ক্ষমতাধর রাষ্ট্র তাদের ক্ষমতার দাপট দেখিয়ে ইসলামী রাষ্ট্রগুলো ধ্বংস করার ষড়যন্ত্র করছে। তারা বিভিন্ন আতঙ্ক সৃষ্টি করে বিশৃঙ্খলা তৈরি করছে।

২৬. রাষ্ট্রগুলোর এ ধরনের আচরণকে কী বলা হয়?
ক) জিহাদ খ) সন্ত্রাসবাদ
গ) টুরিজম ঘ) ফ্যাসিবাদ

২৭. তাদের এ ধরনের কাজের উদ্দেশ্য হলো—
i. ক্ষতা দখল
ii. সম্পদ অর্জন
iii. নিজেদের শ্রেষ্ঠত্ব প্রকাশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৮. মানব জীবনে সফলতা লাভের প্রধান হাতিয়ার হলো—
i. নৈতিকতা
ii. সময়ানুবর্তিতা
iii. কর্তব্য পরায়ণতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. কারা আল্লাহর খিলাফতের দায়িত্ব পালন করবে—
ক) ফেরেশতা খ) নবী-রাসুলগণ
গ) মানুষ ঘ) জীন

৩০. মানব জাতি সৃষ্টির উদ্দেশ্য হলো—
i. আল্লাহর হুকুম পালন করা
ii. আল্লাহর খিলাফতের দায়িত্ব পালন করা
iii. নিছক উপাসনা করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩১. যাকাত না দেওয়া কাদের কাজ?
ক) কাফিরের খ) মুশরিকের
গ) মুনাফিকদের ঘ) মুমিনদের

৩২. তোমরা রুকুকারীদের সাথে রুকু কর- এটি কার বাণী?
ক) মহানবী (স)-এর খ) হযরত উমর (রা)-এর
গ) উসমান (রা)-এর ঘ) আল্লাহর

৩৩. তাহারাত শব্দের অর্থ কী?
ক) চাকচিক্য খ) পবিত্রতা
গ) নির্মল ঘ) অপবিত্র

৩৪. পরিচ্ছন্নতার আরবী প্রতিশব্দ কী?
ক) নাজাসাত খ) তাহারাত
গ) নাজাফাত ঘ) নাজমুন

৩৫. আল মুকাদ্দিমা নামক গ্রন্থটির রচয়িতা কে?
ক) আল মাসুদি খ) নাসির উদ্দিন তুসী
গ) মুসা আল খাওয়ারেজমী
ঘ) ইবনে খালদুন

৩৬. জ্ঞানের শহরের দরজা কে?
ক) আবু বকর (রা) খ) আলী (রা)
গ) উমর (রা) ঘ) উসমান (রা)

৩৭. আস সাবউল মুয়াল্লাকা অর্থ কী?
ক) মুখরোচক কাহিনী খ) প্রবাদ প্রবচন
গ) সাতটি ঝুলন্ত গীতি কবিতা
ঘ) আরবদের জীবনালেখ্য

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:
রাকিব সাহেব ও মাজেদ সাহেব একই অফিসে চাকরি করেন। রাকিব সাহেব প্রায়ই মাজেদ সাহেবের অসাক্ষাতে সমালোচনা করেন।

৩৮. রাকিব সাহেবের আচরণের ফলে—
i. মনোমালিন্যের সৃষ্টি হয়
ii. প্রতারণকারী হিসেবে গণ্য হবে
iii. পারস্পরিক সম্পর্ক নষ্ট হবে
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও iii ঘ) ii ও iii

৩৯. রাকিব সাহেবের আচরণে কোন লক্ষণটি পরিলক্ষিত হয়?
ক) গীবত খ) প্রতারণা
গ) মুনাফেকি ঘ) ফাসেকী

৪০. কিতাবুল মানাযির কে রচনা করেছিলেন?
ক) আবু বকর আল রাযি
খ) ইবনে হায়সাম
গ) ইবনে সিনা
ঘ) জাবির ইবনে হাইয়্যান

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | খ |

Teachingbd.com